যোগাযোগ ব্যবস্থা সম্পর্কে যে কথা বারে বারেই জিজ্ঞাসা করা হয়

Frequently asked questions about communications

এই তথ্য ইংল্যান্ড, ওয়েল্স, স্কটল্যান্ড এবং নর্দার্ন আয়ারল্যান্ডের ক্ষেত্রে প্রযোজ্য

আমাকে প্রায়ই এমন সব লোকজন ফোন করছে যাদের আমি চিনিই না। কী করে এটা বন্ধ করতে পারি? 2

আমি একটি মোবাইল ফোন কিনতে চাই কিন্তু এ বিষয়ে বিভিন্ন যা তথ্য পড়েছি, তাতে খুবই বিভ্রান্ত বোধ করছি। আপনারা কি সাহায্য করতে পারেন? 2

আমার মোবাইল ফোন চুরি হয়ে গেছে, আমি কি করতে পারি? 3

কিছুদিনের মধ্যে আমি ইউনিভার্সিটিতে ভর্তি হবো এবং সেখানে আমার টেলিভিশন সেটটি নিয়ে যেতে চাই। আমাকে কি আলাদা লাইসেন্স করাতে হবে? 3

আমার বয়স্ক মা'র পক্ষে ফোন বিল এবং টিভি লাইসেন্স-এর টাকা একসঙ্গে দেওয়া আর সম্ভব হচ্ছে না। তিনি কি কোনো সাহায্য পেতে পারেন? 4

আমি শুনতে পেয়েছি যে আমাকে আমার টেলিভিশনকে ডিজিটালে রূপান্তর করতে হবে। আমাকে কবের মধ্যে সেটা করতে হবে এবং আমি কিভাবে সেটা করব? কোন সাহায্য কি পাওয়া যাবে? 5

Copyright © 2002-2007 Citizens Advice All rights reserved
Registered charity no: 279057 Company no: 1436945 England

আমাকে প্রায়ই এমন সব লোকজন ফোন করছে যাদের আমি চিনিই না। কী করে এটা বন্ধ করতে পারি?

এই ফোন যদি এমন কারো কাছ থেকে আসে যে আপনাকে কিছু বিক্রি করার চেষ্টা করছে, তাহলে আপনি টেলিফোন প্রেফারেন্স সার্ভিসে নাম লেখাতে পারেন। যাঁরা এই সার্ভিসের অন্তর্ভুক্ত, তাঁদের কোনো কোম্পানি ফোন করতে পারে না। কিভাবে রেজিস্টার করতে হবে বা নাম লেখাতে হবে, সেটার বিস্তারিত জানার জন্য টেলিফোন প্রেফারেন্স সার্ভিসকে 0845 070 0707 নম্বরে টেলিফোন করুন অথবা তাদের ওয়েবসাইটে যান - www.tpsonline.org.uk. যদি এমন কারো কাছ থেকে ফোন আসে, যে তার নাম জানায় না এবং টেলিফোনে অশ্লীল কথা বলে বা গালাগালি করে, তাহলে আপনি পুলিসকে সেই কথা জানান। এই ধরনের ফোন করাটা বেআইনী এবং এই রকম ফোন করে কেউ যদি ধরা পড়ে, তাহলে আইন অনুযায়ী তার শাস্তি হতে পারে।

কে এইভাবে ফোন করে আপনাকে বিরক্ত করছে, তা জানার অনেক উপায় আছে।

আমি একটি মোবাইল ফোন কিনতে চাই কিন্তু এ বিষয়ে বিভিন্ন যা তথ্য পড়েছি, তাতে খুবই বিভ্রান্ত বোধ করছি। আপনারা কি সাহায্য করতে পারেন?

প্রথমে আপনাকে ঠিক করতে হবে, কেন আপনি মোবাইল ফোন চান। আপনি কি শুধু কথাবার্তার জন্য মোবাইল ফোন চান, না কি এই ফোনের মাধ্যমে ইন্টারনেটের সঙ্গেও যুক্ত হতে চান? আপনি কি এই ফোন কাজের জন্য ব্যবহার করবেন বা খুব বেশি সময়ের জন্য? না কি, বিপদ আপদে সাহায্য চাইবার জন্য শুধু এই ফোন চাইছেন?

আপনি প্রতি মাসের শেষে ফোন ভাড়ার টাকা এবং টেলিফোন কলের খরচ মিটিয়ে দিতে পারেন বা আপনি আগাম ভাউচার কিনে রাখতে পারেন। আপনি কোন এলাকায় এই ফোন ব্যবহার করতে চান, সে কথাটাও আগে থেকে ভাবতে হবে, তার কারণ হলো,সিগনাল পাওয়া না পাওয়ার ওপর মোবাইল ফোন কাজ করে, এবং কোনো কোনো প্রত্যন্ত এলাকায় সিগনাল পাওয়া সহজ নাও হতে পারে।

আপনার যদি মোবাইল ফোন নিয়ে কোনো সমস্যা হয়, আপনাকে জানতে হবে কার সঙ্গে আপনার চুক্তি রয়েছে। আপনার চুক্তি হতে পারে :

- নেটওয়ার্ক অপারেটরের সঙ্গে
- সার্ভিস প্রোভাইডারের সঙ্গে
- এমন কারো সঙ্গে, যারা সরাসরি সর্বসাধারণের সঙ্গে ব্যবসা করছে।

Copyright © 2002-2007 Citizens Advice All rights reserved
Registered charity no: 279057 Company no: 1436945 England

আমার মোবাইল ফোন চুরি হয়ে গেছে, আমি কি করতে পারি?

যদি আপনার মোবাইল ফোন চুরি হয়ে যায়, সঙ্গে সঙ্গে পুলিশ এবং মোবাইল ফোন কোম্পানীকে জানাবেন। মোবাইল ফোন কোম্পানী সাধারনতঃ সার্ভিস কেটে দেয় যাতে আপনাকে অননুমোদিত ফোন কলের খরচ দিতে না হয়। আাপনাকে হয়ত ঐ সময়ের লাইনের খরচ দিতে হতে পারে, তবে আপনার চুক্তির শর্ত পরীক্ষা করে দেখতে পারেন। যদি আপনার মোবাইল ফোন চুরি হয়, তাহলে সেটা আপনার হাউজহোল্ড ইন্স্যুরেন্স বা বাড়ির জিনিষপত্রের বীমার মধ্যে অন্তর্ভূক্ত থাকতে পারে; পরীক্ষা করে দেখুন আপনি দাবী করতে পারেন কিনা।

আপনি হয়ত বিনা খরচে ন্যাশনাল ডেটাবেজ'এ - www.immobilise.com ঠিকানায় আপনার ফোন রেজিস্টার করতে চাইতে পারেন। আপনি আপনার ফোন হারিয়ে যাওয়া বা চুরি হয়ে যাবার কথা জানাবার জন্য এই ওয়েবসাইট ব্যবহার করতে পারেন। সেটা যদি পরে উদ্ধার হয়, তাহলে পুলিশও সেটা আপনাকে ফেরত দেবার জন্য এই ডেটাবেজ ব্যবহার করতে পারেন।

কিছুদিনের মধ্যে আমি ইউনিভার্সিটিতে ভর্তি হবো এবং সেখানে আমার টেলিভিশন সেটটি নিয়ে যেতে চাই। আমাকে কি আলাদা লাইসেন্স করাতে হবে?

বেশিরভাগ ছাত্রেরই টেলিভিশন লাইসেন্স থাকার কথা। কিছু কিছু ব্যতিক্রম আছে, যেমন কোনো টিভি সেট-এ টেলিভিশনের কোনো অনুষ্ঠান দেখা না যায় এবং আপনি যদি যন্ত্রটিকে শুধুমাত্র কম্পিউটারের মনিটর হিসেবে ব্যবহার করেন। তবে ইউনিভার্সিটি হোস্টেল (হলস্ অফ রেসিডেন্স)-এ ছাত্র ছাত্রীদের প্রায় সব সময়ই নিজস্ব টিভি লাইসেন্স থাকতে হবে।

আপনারা যদি কয়েকজন একসঙ্গে একটা বাড়িতে, একটা পরিবারের মতন হয়ে থাকেন (অর্থাৎ, রান্না, অন্যান্য কাজ এবং সংসার চালানোর খরচ ভাগ করে নেন), তাহলে আপনাদের একটি লাইসেন্সেই চলবে ।

আপনার বাড়িটি যদি বেডসিট বা আলাদা আলাদা ফ্ল্যাট হিসেবে ভাগ করা থাকে , তাহলে প্রতিটি আলাদা ইউনিটের জন্য আলাদা টিভি লাইসেন্স লাগবে।

Copyright © 2002-2007 Citizens Advice All rights reserved
Registered charity no: 279057 Company no: 1436945 England

আমার বয়স্ক মা'র পক্ষে ফোন বিল এবং টিভি লাইসেন্স-এর টাকা একসঙ্গে দেওয়া আর সম্ভব হচ্ছে না। তিনি কি কোনো সাহায্য পেতে পারেন?

আপনার মা'কে টিভি লাইসেন্স-এর জন্য এক থোকে টাকা দিতে হবে না, একটু একটু করে অনেকটা সময় ধরে টাকা দেবার নানান উপায় আছে। যেমন মাসে মাসে বা তিন মাস অন্তর অন্তর টাকা দেওয়া যায়। আপনার মা যদি কোনো বেনিফিট পান, তাঁর রোজগার কম (লো ইনকাম) হয় অথবা তাঁর কোনো ব্যাঙ্ক অ্যাকাউন্ট না থাকে, তাহলে ক্যাশ ইজি এন্ট্রি স্কিমের দৌলতে তিনি সাপ্তাহিক বা পা িক (দু সপ্তাহে একবার) কিস্তিতে টাকা জমা দেবার জন্য দরখাস্ত করতে পারেন।

আপনার মায়ের ৭৫ বছর বয়স হবার পর তিনি বিনামূল্যে টিভি লাইসেন্স পেতে পারেন। আরো তথ্যের জন্য টিভি লাইসেন্সিংকে টেলিফোন ক ন - 0300 790 6071 অথবা তাদের ওয়েলশ্ হটলাইনে টেলিফোন ক ন - 0300 790 6042.

কিছু ফোন সরবরাহকারী কিছুটা সস্তায় এটা দিতে পারেন। যেমন, বিটি'র (ব্রিটিশ টেলিকম) একটা বিটি বেসিক নামে স্কীম আছে, যা কম হারে লাইন ভাড়া দেয় এবং যাঁদের পেন্সন ত্রে ডিটের ত্রে ডিট অংশে গ্যারান্টি রয়েছে, তাঁদের জন্য বিনাখরচে ফোন করার ব্যাপারে অ্যালাউন্স।

আপনার মা যদি প্রতিবন্ধী হন তাহলে ফোন বিলের ক্ষেত্রে তিনি সাহায্য পেতে পারেন। আপনার মায়ের লোকাল অথরিটি বা সোশাল সার্ভিস বিভাগ টেলিফোন লাগানোর খরচ, লাইনের ভাড়া এবং বিল-এর ক্ষেত্রে সাহায্য করতে পারে।

Copyright © 2002-2007 Citizens Advice All rights reserved
Registered charity no: 279057 Company no: 1436945 England

আমি শুনতে পেয়েছি যে আমাকে আমার টেলিভিশনকে ডিজিটালে রূপান্তর করতে হবে। আমাকে কবের মধ্যে সেটা করতে হবে এবং আমি কিভাবে সেটা করব? কোন সাহায্য কি পাওয়া যাবে?

যুক্ত রাজ্যের সমস্ত টেলিভিশন সার্ভিস ২০১২ সালের মধ্যে সম্পূর্ণভাবে ডিজিটাল হয়ে যাবে। আপনার যদি ইতোমধ্যে কোন ডিজিটাল টিভি না থাকে, তাহলে আপনাকে আপনার টেলিভিশনের সরঞ্জামকে ডিজিটালে রূপান্তরিত করতে হবে। আপনি যদি পাঁচটার বেশী চ্যানেল পান, তাহলে আপনার ইতোমধ্যেই ডিজিটাল টিভি রয়েছে।

ডিজিটালে রূপান্তরের বিষয়টা টিভি রিজিয়ন বা অঞ্চলের মাধ্যমে হবে। কাম্ব্রিয়ার হোয়াইটহ্যাভেন হচ্ছে প্রথম শহর যেখানে ১৭ই অক্টোবর ২০০৭ তারিখে এই রূপান্তর ঘটেছে। অন্য এলাকাগুলোতে ২০০৮ সাল থেকে এই রূপান্তরের ব্যাপারটি ঘটবে, বর্ডার বা সীমান্তবর্তী এলাকা দিয়ে যা শু   করা হবে। ।

আপনার এলাকায় কখন ডিজিটাল টেলিভিশনে রূপান্তর হবার কথা, সেটা জানার জন্য, ডিজিটাল ইউকে'র ওয়েবসাইট দেখুন www.digitaluk.co.uk. আপনার এলাকার ওপর এর প্রভাব পড়ার বেশ আগেই আপনাকে জানানো হবে এবং কি করতে হবে সে ব্যাপারে প্রচুর পরামর্শ দেওয়া হবে। আপনার টিভি রিজিয়ন বা এলাকা নির্ধারিত হয় আপনি বর্তমানে কোন্ আইটিভির সার্ভিসযআইটিভি রিজিয়নাল সংবাদ পান, তার ওপর।

ডিজিটাল টিভি পাবার চারটি উপায় আছে। আপনি এগুলো করতে পারেন:

- একটি ডিজিটাল বাক্স জোগাড় ক   ন এবং সেটাকে আপনার যে টেলিভিশন সেট আছে, তার সাথে প্লাগ দিয়ে জুড়ে দিন
- ডিজিটাল কেবল্'এর গ্রাহক হোন
- ডিজিটাল স্যাটেলাইট'এর গ্রাহক হোন
- এমন একটি সার্ভিসের গ্রাহক হোন যা একটি টেলিফোন লাইনের মাধ্যমে ডিজিটাল টিভি সরবরাহ করে।

আপনি কোথায় থাকেন, তার ওপর নির্ভর করে বিভিন্ন ধরনের ডিজিটাল টেলিভিশন বিভিন্ন রকমের হবে। ডিজিটাল রূপান্তর এবং আপনার এলাকায় কোনটি পাওয়া যাচ্ছে সে সম্পর্কে আরো জানার জন্য, ডিজিটাল ইউকে'র ওয়েবসাইটে যান। একটি কল সেন্টারও আছে যেখানে আপনি ফোন করতে পারেন - 0845 6 50 50 50.

কিছু লোকের জন্য এই রূপান্তরের ব্যাপারে ব্যবহারিক সাহায্য দেবে ডিজিটাল হেল্প স্কীম নামে একটি স্কীম বা পরিকল্পনা, যার মধ্যে সরঞ্জাম ও লাগিয়ে/বসিয়ে দেওয়া অন্তর্ভূক্ত। আপনি এই সাহায্য পাবেন যদি:

- আপনার (বা আপনার সাথীর) বয়স ৭৫ বছর কি তার চেয়ে বেশী হয়
- আপনি (বা আপনার সাথী) একজন অন্ধ হন অথবা চোখে কম দেখেন, যিনি রেজিস্টার্ড বা তালিকাভুক্ত
- আপনি (বা আপনার সাথী) ডিসএবিলিটি লিভিং অ্যালাউন্স, অ্যাটেন্ডেন্স অ্যালাউন্স অথবা কিছু অন্য নির্দিষ্ট ডিসএবিলিটি বেনিফিটস পান
- অন্ততঃ গত ছয়মাস ধরে আপনি একটি কেয়ার হোমে আছেন।

Copyright © 2002-2007 Citizens Advice All rights reserved
Registered charity no: 279057 Company no: 1436945 England

এই স্কীমে যে সাহায্য আপনি পাবেন, তার জন্য হয়ত আপনাকে ৪০ (চল্লিশ) পাউন্ড দিতে হতে পারে। তবে, আপনি যদি পেন্সন ক্রেডিট, ইনকাম সাপোর্ট বা ইনকাম-বেজড্ জবসীকারস্ অ্যালাউন্স পান, তাহলে এই সাহায্যের জন্য কোন খরচ লাগবে না।

wWwRUvj †ní w¯‹g m¤ú‡K© Av‡iv Z_¨ www.helpscheme.co.uk I‡qemvB‡U cv‡eb|

Copyright © 2002-2007 Citizens Advice All rights reserved
Registered charity no: 279057 Company no: 1436945 England